# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

গোপনীয়

Bangladesh Water Development Board

শৃংখলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীণরোড, ঢাকা-১২০৫।
ফোনঃ ৯৫৫০৩৫৩

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone-9550353
dir.discipline.bwdb@gmail.com

নং- ৯৭-পাউবো/শৃং/শা-২/অভি(গ)-১৭/২০২০

তারিখঃ ১৭-১২-১৪২৮ বঙ্গাঃ
৩১-০৩-২০২২ খ্রিঃ

## দপ্তরাদেশ

জনাব মোঃ নজরুল ইসলাম, গেজ পাঠক, উত্তরাঞ্চলীয় পরিমাপ বিভাগ, বাপাউবো, পাবনা এর বিরুদ্ধে বাপাউবোর্ডে চাকরি দেয়ার নামে প্রতারণা করে বাদী জনাব মোঃ শওকত হোসেনের নিকট হতে ননজুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামায় স্বাক্ষর করে নগদ ৬ (ছয়) লক্ষ টাকা করে মোট ১২,০০,০০০/- (বার লক্ষ) টাকা গ্রহণ করেন। পরবর্তীতে উক্ত টাকা পরিশোধে অস্বীকার করায় বাদী আদালতের শরণাপন্ন হলে বিজ্ঞ সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত নং-৩, নওগাঁ কর্তৃক জনাব মোঃ নজরুল ইসলাম, গেজ পাঠককে ০১(এক) বছর ০৬ (ছয়) মাসের সশ্রম কারাদন্ড ও ৫,০০০/= (পাঁচ হাজার) টাকা অর্থ দন্ড প্রদান, অনাদায়ে আরও ৩(তিন) মাসের বিনাশ্রম কারাদন্ড প্রদান করা হয়।

২। জনাব মোঃ নজরুল ইসলাম, গেজ পাঠক এর বিরুদ্ধে মাননীয় সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত নং-৩, নওগাঁ কর্তৃক তাকে ০১(এক) বছর ০৬ (ছয়) মাসের সশ্রম কারাদন্ড ও ৫,০০০/= (পাঁচ হাজার) টাকা অর্থ দন্ড প্রদান, অনাদায়ে আরও ৩(তিন) মাসের বিনাশ্রম কারাদন্ডে দন্ডিত করে রায় প্রদান করায় উক্ত বিষয়ে বিজ্ঞ আইন উপদেষ্টা হতে প্রাপ্ত মতামত পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনান্তে পেশ করা হলে তাকে বাপাউবোর্ডের চাকরি হতে বিজ্ঞ আদালতের রায়ের তারিখ অর্থাৎ ২৭.০৯.২০২০খ্রিঃ তারিখ হতে বরখাস্ত দন্ড আরোপ করার সিদ্ধান্ত কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হয়।

৩। অতএব, কর্তৃপক্ষের উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে এতদ্বারা জনাব মোঃ নজরুল ইসলাম, গেজ পাঠক, উত্তরাঞ্চলীয় পরিমাপ বিভাগ, বাপাউবো, পাবনাকে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ (১)(খ)(উ), ৬০(২), ৬০(৩) এবং সরকারি চাকরি আইন ২০১৮ এর ৪২(১) ধারা মোতাবেক আদালত প্রদত্ত রায়ের তারিখ অর্থাৎ ২৭.০৯.২০২০খ্রিঃ তারিখ হতে বোর্ডের চাকরি হতে বরখাস্ত দন্ড আরোপ করা হলো।

৪। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

৩১/০৩/২০২২

(মোঃ মুজিবুর রহমান)
পরিচালক(অ. দা.)
পরিচিতি নম্বরঃ ৬৩০৪০১০০১

নং- ৯৭(৯) -পাউবো/শৃং/শা-২/অভি(গ)-১৭/২০২০

তারিখঃ ১৭-১২-১৪২৮ বঙ্গাঃ
৩১-০৩-২০২২ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

১। প্রধান প্রকৌশলী, পানি বিজ্ঞান, বাপাউবো, ৭২, গ্রীনরোড, ঢাকা।
২। পরিচালক, কর্মচারী/হিসাবরক্ষণ/অডিট/অর্থ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর/ভূ-পরিস্থ পানি বিজ্ঞান সার্কেল, বাপাউবো, ৭২, গ্রীন রোড, ঢাকা।
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্যে অনুরোধ করা হলো।
৫। সি,এস,ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৬। নির্বাহী প্রকৌশলী, উত্তরাঞ্চলীয় পরিমাপ বিভাগ, বাপাউবো, পাবনা।
৭। হিসাবরক্ষণ অফিসার, পাবনা আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, পাবনা।
৮। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।
৯। জনাব মোঃ নজরুল ইসলাম, গেজ পাঠক, উত্তরাঞ্চলীয় পরিমাপ বিভাগ, বাপাউবো, পাবনা।

৩১/০৩/2022

(মোঃ নোমান ফরিদ)
উপ পরিচালক
পরিচিতি নম্বর-৬৬০৮০৫০০২

ডায়েরী নং ৩৩২ তারিখঃ ৪/৪/২২
জরুরী
প্রোগ্রামার ১/২
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪ প্রয়োজনীয় ব্যবস্থা নিন
সহকারী প্রকৌশলী নথিতে পেশ করুন
অফিস সহকারী নথিতে রাখুন
04/04/2022 তাগিদ পত্র দিন
সিনিয়র সিস্টেম এনালিস্ট
আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা

E:\ASMA2\Punishment.doc-P-29